

স্মারক নং-৩৪.০১.৮৪০০.০০০.৩৮.০০১.২২-৬৪৯

তারিখ: ১৪.১০.২০২৪ খ্রি.

“যানবাহন চালনা প্রশিক্ষণ” কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

দেশের পরিবহণ খাতে দুর্ঘটনারোধে দক্ষ গাড়ী চালক তৈরীর মাধ্যমে যুবদের জন্য পরিবহণ খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরীয় “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতাধীন ৪০টি জেলার বেকার যুবদের “যানবাহন চালনা বিষয়ে ১(এক) মাস মেয়াদী আবাসিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে রাঙ্গামাটি জেলার কর্মপ্রত্যাশী ২১ থেকে ৩৫ বছর বয়সী যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্স বা ট্রেডের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	যাতায়াত ভাতা	দরখাস্ত জমার শেষ তারিখ ও স্থান	সাক্ষাতকারের তারিখ ও স্থান	প্রশিক্ষণ কেন্দ্র
১	“যানবাহন চালনা প্রশিক্ষণ” কোর্স(আবাসিক)	অষ্টম শ্রেণী বা সমমান পাশ	দৈনিক জনপ্রতি ১৫০/- টাকা (উপস্থিতির ভিত্তিতে)	২৯.১০.২৪ অত্র কার্যালয়ের কক্ষ নং ৪০২	৩০.১০.২৪ (বুধবার) বেলা ২.০০ ঘটিকায় অত্র কার্যালয়ের কক্ষ নং ৪০১	যুব প্রশিক্ষণ কেন্দ্র খাগড়াছড়ি

ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে এবং অত্র কার্যালয়ের ৪র্থ তলা থেকে ও বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২১ থেকে ৩৫ বছর এবং বেকার যুবক ও মহিলা হতে হবে।
- স্ব-হস্তে আবেদন ফরম পূরণ করতে হবে : (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী), (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর/জন্ম নিবন্ধন নং (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) WHATS APP নম্বর (যদি থাকে) (১৪) Facebook ID (যদি থাকে) (১৫) ই-মেইল ঠিকানা (যদি থাকে) (১৬) বিকল্প মোবাইল: নম্বর (১৭) ইত: পূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)
- আবেদন পত্রের সাথে (০১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (০২) জাতীয় পরিচয়পত্র (NID) ফটোকপি (যদি থাকে) অথবা স্থায়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ পত্রের ফটোকপি, (০৩) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে। সাক্ষাতকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও অন্যান্য মূল কাগজপত্র সংগে আনতে হবে।
- সাক্ষাতকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ভর্তির বিষয়ে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। (ছ) ভর্তির তারিখ: সাক্ষাতকারের দিন জানিয়ে দেয়া হবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- রাঙ্গামাটি জেলা হতে নির্বাচিত প্রার্থীদেরকে খাগড়াছড়ি জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম শৃংখলা বাধ্যতামূলকভাবে মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাঙ্গামাটি বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি অবশ্যই পালন করাতে হবে।

 ১৪.১০.২০২৪ খ্রি.

(মোহাম্মদ শাহজাহান)

উপপরিচালক


ফোন: ০২৩৩৩৩০৪৬১৭

তারিখ: ১৪.১০.২০২৪ খ্রি.

স্মারক নং-৩৪.০১.৮৪০০.০০০.৩৮.০০১.২২-৬৪৯

দয় অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা নিতে বিনীত অনুরোধ সহকারে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
- ০২। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি, পার্বত্য জেলা।
- ০৩। অধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারী কলেজ/রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজ/টি,টি,সি, রাঙ্গামাটি।
- ০৪। উপজেলা চেয়ারম্যান (সকল)উপজেলা।
- ০৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি (আপনাকে ভর্তি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....রাঙ্গামাটি।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)..... উপজেলা,রাঙ্গামাটি(ভর্তি বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। নোটিশ বোর্ড, জেলা কার্যালয়/কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাঙ্গামাটি।
- ১০। দপ্তর নথি

 ১৪.১০.২৪ খ্রি.

(মোহাম্মদ শাহজাহান)

উপপরিচালক

ফোন: ০২৩৩৩৩০৪৬১৭।